



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৫৬২

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮

১৩ জুন ২০২১

বিষয়: ৪ নং/৭ নং ঘাট, খুলনা হতে জারিকৃত সূচির চাল পিরোজপুর এলএসডির পরিবর্তে ভান্ডারিয়া এলএসডিতে প্রেরণের অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ০৪/০৫/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৪১৮ নং স্মারক

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর এর ০৬/০৬/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.৭৯০০.০০৬.৪৯.০০১.১৬.৯৪৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, M.V. UMAIZA বার্জ হতে ৪ নং/৭ নং ঘাট, খুলনা মাধ্যমে পিরোজপুর সদর এলএসডিতে ৩০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচি সূত্রস্ব ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্ব ২ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর দপ্তর হতে ২টি গম ও ১টি চালের সূচি চলমান রয়েছে। এছাড়া পিরোজপুর সদর এলএসডির অনুকূলে জারিকৃত সূচির ৩০০ মে.টন চাল জাহাজে বোঝাই কার্যক্রম চলমান রয়েছে এবং বোঝাই শেষে পিরোজপুর সদর এলএসডির উদ্দেশ্যে যাত্রা শুরু করবে। উক্ত এলএসডির কার্যকরী ধারণ ক্ষমতা ২০০০ মে.টন এর বিপরীতে ১৯৯১ মে.টন খাদ্যশস্যের মজুত রয়েছে। এছাড়া ৩০০ মে.টন চাল এবং ৮০ মে.টন গম ঘাটে খালাসের অপেক্ষায় রয়েছে। অপরদিকে উক্ত এলএসডিতে চলতি বোরো'২১ সংগ্রহ মৌসুমে ৭৪৬ মে.টন চাল এবং ২৭৪ মে.টন ধান সংগ্রহের অবশিষ্ট আছে। পিরোজপুর সদর এলএসডিতে জুন'২১ মাসের চালের উল্লেখযোগ্য কোন বিতরণ খাত না থাকায় ভান্ডারিয়া এলএসডিতে ৩০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্ব ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর এর প্রস্তাবমতে পিরোজপুর সদর এলএসডিতে সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে এবং ভান্ডারিয়া এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিরতনের জন্য ৪ নং/ ৭ নং ঘাটের মাধ্যমে জারিকৃত পিরোজপুর এলএসডির পরিবর্তে ভান্ডারিয়া এলএসডিতে ৩০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল প্রেরণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৩-৬-২০২১

মোঃ ফজলে রাস্কী হায়দার

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৫৬২/১(১০)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ৯) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



১৩-৬-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপ-পরিচালক